



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি MEGHNA LIFE INSURANCE PLC

সূত্র : এমএলআই/প্রকাশ/প্রশাঃ/৩১৯/২০২৬/ ১৩ ৪

২২ ফেব্রুয়ারি ২০২৬

সার্কুলার

বিষয় : উৎসাহ বোনাস (Incentive Bonus)-২০২৪ ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত আনন্দের সহিত অবহিত করা যাচ্ছে যে, ৩০/১২/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্বদের ১৭৪তম সভায় কোম্পানীর প্রশাসনিক কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে ৩১/১২/২০২৪ তারিখে সমাপ্ত হিসাব বছরের জন্য ০১ (এক) টি মূল বেতনের ৭৫% উৎসাহ বোনাস (Incentive Bonus) হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে নিম্নলিখিত নীতিমালা (guidelines) ও শর্তাবলীর আওতায় ২০২৪ সালের উৎসাহ বোনাস প্রদান (disburse) করার জন্য নির্দেশ দেয়া হলো :

- ১-(ক) কোম্পানীর প্রধান কার্যালয় ও সকল ডিভিশনের স্থায়ী/চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী, সকল ড্রাইভার এবং প্রধান কার্যালয়ে কর্মরত সুইপার ২০২৪ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। জোন, শাখা ও CSC-তে থোক বেতনে (ড্রাইভার ব্যতীত) নিয়োজিত/ব্যবসা আহরণের লক্ষ্যমাত্রার ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিগণ এ বোনাস পাবেন না। উন্নয়ন কর্মকর্তা যারা উন্নয়ন পে-স্কেলভুক্ত তারাও এ বোনাস পাবেন না। যে সমস্ত উন্নয়ন কর্মকর্তাগণ উন্নয়ন হতে প্রশাসনে আত্মীকরণকৃত হয়েছেন তারাও শর্ত পূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস পাবেন।
- (খ) ০১/০৭/২০২৪ তারিখে বা এর পূর্বে যারা যোগদান করেছেন তারা আনুপাতিক হারে (pro rata basis) বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন। তবে ০১/০৭/২০২৪ তারিখের পূর্বে শিক্ষানবিস হিসেবে যোগদান করলেও তারা বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন না। তাদেরকে ২০২৪ সালে কমপক্ষে ০৬ মাস স্থায়ীভাবে চাকরি করতে হবে। পূর্ণ বোনাস প্রাপ্তির জন্য ০১/০১/২০২৪ হতে ৩১/১২/২০২৪ পর্যন্ত ১২ মাস অবিচ্ছেদ্যভাবে চাকরিরত থাকতে হবে। যোগ্য (eligible) অথচ চাকরিকাল ১২ মাস পূর্ণ হয় নাই, এমন কর্মকর্তা/কর্মচারী আনুপাতিক হারে (pro rata basis) বোনাস পাবেন।
- (গ) আনুপাতিক হারে বোনাসের পরিমাণ হবে $(৩১/১২/২০২৪ \text{ তারিখের মূল বেতনের } ৭৫\% + ৩৬\%) \times ২০২৪ \text{ সনের কর্মদিবস}$ । কেহ বিনা বেতনে ছুটি ভোগ করলে বিনা বেতনের দিন/দিনগুলো কর্মদিবস হতে বাদ যাবে। স্ত্রী ও শনিবার তথা সাপ্তাহিক ছুটির দিন ও সরকারি গেজেটেড ছুটির দিন কর্মদিবস হিসেবে বিবেচিত হবে।
- (ঘ) ৩১/১২/২০২৪ তারিখে প্রাপ্ত মূল বেতনের (basic pay) ৭৫% অথবা স্থির (consolidated) বেতনের ৫০%-কে মূল বেতন বিবেচনা করে তার ৭৫% বোনাস প্রদান করতে হবে। তবে যে সকল কর্মকর্তা/কর্মচারী ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ কিংবা তার পূর্বে বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য ছিলেন তাদের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে প্রদত্ত মূল বেতনের সাথে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধি চলতি বছর ২০২৪ বছরের প্রদানের তারিখ হতে প্রদান করা হলে তা বিবেচনায় নিয়ে উৎসাহ বোনাস হিসাব করতে হবে।
- (ঙ) বোনাস প্রদানের (disbursement) তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে পে-রোল (pay roll) ভুক্ত থাকতে হবে অর্থাৎ চাকরিতে কর্মরত (active service) থাকতে হবে।

- ২-ক) বিনি/যারা সাময়িক বরখাস্তাধীন (under suspension) রয়েছেন তাদেরকে বোনাস প্রদান করা যাবে না। অভিযোগের বিষয় নিষ্পত্তি হলে পৃথক অনুমোদনের ভিত্তিতে তা পরিশোধিত হবে।

চলমান পাতা-২

১৩২



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি MEGHNA LIFE INSURANCE PLC

পাতা-২


- (খ) নিয়ম-শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম (disciplinary action) এর অধীন কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো বিষয় নিষ্পত্তির অপেক্ষায় থাকলে তাদেরকে এই বোনাস প্রদান করা যাবে না। বোনাস প্রদানের তারিখে যে সকল কর্মকর্তা/কর্মচারী দীর্ঘদিন যাবত (কমপক্ষে ১৫ দিন) অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন তারা বোনাস প্রাপ্য হবেন না। তাদের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (গ) ২০২৪ সালে কোম্পানীতে চাকরি করলেও বোনাস প্রদানের তারিখ অর্থাৎ ২৬/০২/২০২৬ বা তার পূর্বে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী চাকরি থেকে ইস্তফা দিয়ে যথারীতি অব্যাহতি লাভ করেছেন বা করবেন এবং যারা ইস্তফাপত্র দাখিল করেছেন বা করবেন যা বর্তমানে প্রক্রিয়াধীন/বিবেচনাধীন রয়েছে/থাকবে তারা ২০২৪ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না। এমনকি ৩১/১২/২০২৪ এর পর যাদের চাকরির চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং যথানিয়মে অব্যাহতি লাভ করেছেন তাদের বিষয়ও বিবেচিত হবে না।
- (ঘ) ২০২৪ সালে বা বোনাস প্রদানের অব্যাহতি পূর্বে কোন কর্মকর্তা/কর্মচারী নৈতিকস্থলন, অর্থ আত্মসাৎ কিংবা গুরুতর অনিয়মের জন্য চাকরিচ্যুত/বরখাস্ত (terminated/dismissed) হলে তিনি বোনাস প্রাপ্তিতে অযোগ্য বিবেচিত হবেন।
- ৩- এই বোনাস ২৬/০২/২০২৬ তারিখে প্রদান করা হবে।

স্বাঃ/
মোহাম্মদ তারেক এফসিএ
মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

অনুলিপিঃ

ক- ০১। চেয়ারম্যান ০২। ভাইস চেয়ারম্যান ০৩। পরিচালক ০৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ০৫।
কনসালট্যান্ট-হেড অব মার্কেটিং ০৬। ডিএমডি (উন্নয়ন) ০৭। এএমডি এন্ড কোম্পানী সেক্রেটারী ০৮। চীফ
কো-অর্ডিনেটর/সকল ইডিপি ০৯। সিনিয়র ভিপি (আইটি)-মেঘনা লাইফ পোর্টালে লিপিবদ্ধ করার অনুরোধ
করা হলো ১০। সকল সিনিয়র ভিপি/ডিপি, প্রঃকাঃ ১১। সকল ডিডিপি/এডিপি, প্রঃকাঃ ১২। সকল সেকশন
ইনচার্জ, প্রঃকাঃ-একক/লোক/ইবীতা/মার্চ ডিভিশন ১৩। ফাইল।

খ- ০১। পিএস টু সিইও (ভারপ্রাপ্ত)।


মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
(৩)